খলিফাতুল মুসলিমিন

# আলি

## ইবনে আবি তালিব রা.

[প্রথম খণ্ড]

মূল : ড. আলি মুহাম্মাদ সাল্লাবি

অনুবাদ : কাজী আবুল কালাম সিদ্দীক

কালান্তর প্রকাশনী

# সূচি

ভূমিকা # ১৫

## প্রথম অধ্যায়

## মক্কায় আলি ইবনে আবি তালিব

### প্রথম পরিচ্ছেদ

### নাম, উপাধি, গুণাবলি ও পরিবার # ৩৭

| | | |
|---|---|---|
| এক | : নাম, উপনাম ও উপাধি | ৩৭ |
| দুই | : জন্ম | ৩৯ |
| তিন | : বংশের প্রভাব | ৪০ |

### দ্বিতীয় পরিচ্ছেদ

### ইসলামগ্রহণ এবং হিজরতের পূর্বে মক্কায় গুরুত্বপূর্ণ কীর্তি # ৫৮

| | | |
|---|---|---|
| এক | : ইসলামগ্রহণ | ৫৮ |
| দুই | : আলি রা.-এর ইসলামগ্রহণের ঘটনা | ৬০ |
| তিন | : আলি রা. ও আবু তালিবের মাঝে সংঘটিত ঘটনা | ৬০ |
| চার | : আলি রা. কি নবিজির সঙ্গে মক্কায় মূর্তি ভেঙেছিলেন | ৬২ |
| পাঁচ | : আলি রা. কি নবিজির নির্দেশে আবু তালিবকে দাফন করেছিলেন | ৬২ |
| ছয় | : আলি রা.-এর নিরাপত্তা-সচেতনতা এবং আবু জর রা.-কে রাসুল সা. পর্যন্ত পৌঁছানো | ৬৩ |
| সাত | : আরব গোত্রে ইসলামের দাওয়াত এবং বনু শায়বানের সঙ্গে কথোপকথনে রাসুলের সঙ্গে আলির সঙ্গ | ৬৬ |
| আট | : রাসুলের জন্য আলির আত্মোৎসর্গ | ৭১ |
| নয় | : আলি রা.-এর হিজরত | ৭৪ |

## তৃতীয় পরিচ্ছেদ

## আলি রা.-এর কুরআনি জীবন এবং তাঁর ওপর কুরআনের প্রভাব # ৭৭


| | | |
|---|---|---|
| এক | : আলির জীবনে কুরআনি আকিদার প্রভাব | ৭৭ |
| দুই | : আলি রা.-এর কাছে কুরআনের মর্যাদা ও মহত্ব | ৮৬ |
| তিন | : আলি রা.-এর উদ্দেশ্যে অবতীর্ণ কুরআনের আয়াত | ৮৭ |
| চার | : রাসুল সা. থেকে শোনা কুরআনের তাফসির | ৯১ |
| পাঁচ | : আলি রা.-এর মতে কুরআন হতে মাসআলা উদ্ঘাটনের নিয়ম ও মূলনীতি | ৯৪ |
| ছয় | : আলি রা. হতে বর্ণিত কিছু আয়াতের তাফসির | ১১৯ |


## চতুর্থ পরিচ্ছেদ

## রাসুলের সান্নিধ্যে আলি রা. # ১১৪


| | | |
|---|---|---|
| এক | : আলি রা. ও নববি মর্যাদা | ১১৫ |
| দুই | : আলি রা. থেকে হাদিস বর্ণনাকারী | ১৩৩ |


## পঞ্চম পরিচ্ছেদ

## মদিনায় হিজরত থেকে আহজাবযুদ্ধ পর্যন্ত আলি রা.-এর গুরুত্বপূর্ণ কীর্তি # ১৪৩


| | | |
|---|---|---|
| এক | : মদিনার ভ্রাতৃত্ব | ১৪৩ |
| দুই | : সারিয়া তৎপরতা | ১৪৬ |
| তিন | : বদরযুদ্ধে আলি রা. | ১৪৯ |
| চার | : ফাতিমার সঙ্গে আলির বিয়ে | ১৫২ |
| পাঁচ | : তাঁর সন্তান হাসান ও হুসাইন রা. | ১৬২ |
| ছয় | : 'কাপড় ঢাকা' বিষয়ক হাদিস ও আহলে বায়তের উদ্দেশ্য | ১৭০ |
| সাত | : নবি-পরিবারের জন্য বিশেষ বিধান | ১৭২ |
| আট | : উহুদযুদ্ধে আলি রা. | ১৭৫ |
| নয় | : বনু নাজিরযুদ্ধে আলি রা. | ১৭৯ |
| দশ | : হামরাউল আসাদযুদ্ধে আলি রা. | ১৭৯ |
| এগারো | : ইফকের ঘটনা ও আলি রা. | ১৮১ |

ষষ্ঠ পরিচ্ছেদ

## আহজাবযুদ্ধ থেকে রাসুলের ইনতেকাল পর্যন্ত আলি রা.-এর গুরুত্বপূর্ণ কীর্তি # ১৮৫


| | | |
|---|---|---|
| এক | : আলি রা. ও আহজাবযুদ্ধ | ১৮৫ |
| দুই | : গাজওয়ায়ে বনু কুরায়জায় আলি রা. | ১৮৮ |
| তিন | : হুদায়বিয়ার সন্ধি ও বায়আতে রিদওয়ানে আলি রা. | ১৮৯ |
| চার | : উমরাতুল কাজায় আলি এবং হামজার মেয়ের অভিভাবকত্ব | ১৯৮ |
| পাঁচ | : খায়বারযুদ্ধে আলি রা. | ২০০ |
| ছয় | : মক্কাবিজয় ও হুনাইনযুদ্ধে আলি রা. | ২০৮ |
| সাত | : তাবুকযুদ্ধের সময় আহলে বায়তের দেখভালের জন্য আলি রা.-কে সোপর্দ করে যাওয়া | ২১৪ |
| আট | : আবু বকরের নেতৃত্বে প্রথম ইসলামি হজে আলির প্রচারবিষয়ক কৃতিত্ব | ২১৫ |
| নয় | : নবম হিজরিতে নাজরানের খ্রিষ্টান প্রতিনিধি, আয়াতে মুবাহালা এবং আলির কৃতিত্ব | ২১৯ |
| দশ | : দায়ি ও কাজি হিসেবে ইয়ামেনে আলি রা. | ২২২ |
| এগারো | : বিদায়হজে আলি রা. | ২২৫ |
| বারো | : রাসুলের গোসল ও দাফনে আলি রা. | ২২৭ |
| তেরো | : মৃত্যুকালে লেখা রাসুলের অসিয়তের প্রকৃতি | ২২৮ |


দ্বিতীয় অধ্যায়

# খুলাফায়ে রাশেদিনের যুগে আলি ইবনে আবি তালিব

প্রথম পরিচ্ছেদ

## সিদ্দিকি খিলাফতকালে আলি রা. # ২৪১


| | | |
|---|---|---|
| এক | : আবু বকরের খিলাফতে আলির বায়আত | ২৪১ |
| দুই | : মুরতাদদের বিরুদ্ধে যুদ্ধে আলি রা. | ২৪৫ |
| তিন | : আলি রা.-এর মুখে আবু বকরের শ্রেষ্ঠত্ব | ২৪৬ |
| চার | : আবু বকরের ইমামতিতে আলির নামাজ আদায় ও তাঁর হাদিয়া গ্রহণ | ২৫১ |
| পাঁচ | : নববি মিরাস প্রসঙ্গে আবু বকর ও ফাতিমা রা. | ২৫৫ |
| ছয় | : আবু বকর রা. ও আহলে বায়তের মধ্যে আত্মীয়তা | ২৭৩ |
| সাত | : আবু বকর সিদ্দিক রা.-এর ইনতেকালে আলি রা. | ২৭৫ |

## দ্বিতীয় পরিচ্ছেদ

### ফারুকি খিলাফতকালে আলি রা. # ২৭৮


| | | |
|---|---|---|
| এক | : বিচার-সংক্রান্ত বিষয় | ২৭৯ |
| দুই | : ফারুকি অর্থনীতি ও প্রশাসনে আলি রা. | ২৮৫ |
| তিন | : জিহাদ ও অন্যান্য রাষ্ট্রীয় কাজে পরামর্শ গ্রহণ | ২৯৭ |
| চার | : আলি ও তাঁর বংশধরদের সঙ্গে উমরের সুসম্পর্ক | ২৯৩ |
| পাঁচ | : উম্মে কুলসুম বিনতে আলির সঙ্গে উমরের বিয়ে | ২৯৭ |
| ছয় | : রাসুলের পর ফাতিমা সর্বাধিক প্রিয় | ২৯৮ |
| সাত | : আব্বাস ও আলি রা.-এর একটি মোকদ্দমায় ভূমিকা | ৩০০ |
| আট | : উমরের শুরাকমিটিতে আলির অন্তর্ভুক্তি এবং শাহাদাতের পর... | ৩০৩ |


## তৃতীয় পরিচ্ছেদ

### উসমানি খিলাফতকালে আলি রা. # ৩১৯


| | | |
|---|---|---|
| এক | : উসমানের খিলাফতে আলির বায়আত | ৩১১ |
| দুই | : শুরার ব্যাপারে ভণ্ড রাফিজিদের মিথ্যাচার | ৩১৩ |
| তিন | : উসমানের ওপর আলিকে প্রাধান্য দেওয়া | ৩১৭ |
| চার | : উসমানি আমলে উপদেষ্টা ও দণ্ড কার্যকরে আলি রা. | ৩১৮ |
| পাঁচ | : উসমান রা.-এর শাহাদাতে আলি রা.-এর অবস্থান | ৩২১ |
| ছয় | : খুলাফায়ে রাশেদিনের প্রশংসায় আলির উক্তি | ৩৩১ |
| সাত | : কুরআনে সাহাবিদের মর্যাদার বর্ণনা | ৩৩০ |


# তৃতীয় অধ্যায়

# আলি রা.-এর বায়আত, অন্যতম গুণাবলি ও সামাজিক জীবন

## প্রথম পরিচ্ছেদ

### আলি রা.-এর বায়আত # ৩৪৬


| | | |
|---|---|---|
| এক | : আলি রা.-এর বায়আত যেভাবে সম্পন্ন হলো | ৩৪৭ |
| দুই | : খিলাফতের সবচেয়ে যোগ্য ছিলেন আলি রা. | ৩৫২ |
| তিন | : তালহা ও জুবায়েরের বায়আত | ৩৫৯ |
| চার | : আলি রা.-এর খিলাফতের ব্যাপারে ইজমা | ৩৬২ |
| পাঁচ | : খিলাফতের বাইয়াতের সময় আলির শর্তাবলি ও প্রথম খুতবা | ৩৭৪ |

দ্বিতীয় পরিচ্ছেদ

## আলি রা.-এর মর্যাদা, গুণাবলি ও প্রশাসনিক ব্যবস্থাপনার মূলনীতিসমূহ # ৩৮৯


| | | |
|---|---|---|
| এক | : ইলম ও ধর্মীয় জ্ঞান | ৩৯১ |
| দুই | : আলি রা.-এর দুনিয়াবিমুখিতা ও পরহেজগারি | ৩০৭ |
| তিন | : বিনয় ও নম্রতা | ৪১৬ |
| চার | : দানশীলতা ও বদান্যতা | ৪২১ |
| পাঁচ | : লজ্জাশীলতা | ৪২৫ |
| ছয় | : ইবাদত, ধৈর্য ও ইখলাস | ৪২৮ |
| সাত | : আল্লাহর প্রতি কৃতজ্ঞতা | ৪৩৪ |
| আট | : আল্লাহর দরবারে দুআ | ৪৩৬ |
| নয় | : আলি রা.-এর প্রশাসনিক মূলনীতি | ৪৪৩ |
| দশ | : শাসকদের প্রতি জনগণের দৃষ্টি রাখার অধিকার | ৪৪৫ |
| এগারো | : শুরাব্যবস্থা | ৪৪৭ |
| বারো | : ন্যায়-ইনসাফ | ৪৫০ |
| তেরো | : স্বাধীনতা | ৪৫৫ |


তৃতীয় পরিচ্ছেদ

## আলি রা.-এর সামাজিক জীবন এবং শিষ্টের লালন ও দুষ্টের দমনে গৃহীত পদক্ষেপ # ৪৫৮


| | | |
|---|---|---|
| এক | : তাওহিদের আহ্বান ও শিরক নির্মূলের যুদ্ধ | ৪৫৮ |
| দুই | : আলি রা.-এর একটি ভাষণ ও তার তাৎপর্য | ৫০৪ |
| তিন | : আলি রা.-এর কাব্যপ্রতিভা ও কবিতা | ৫০৮ |
| চার | : আলি রা.-এর প্রজ্ঞাদীপ্ত বাণী-চিরন্তনী | ৫১৫ |
| পাঁচ | : আলির মুখে পুতঃপবিত্র মানুষদের গুণাবলি এবং রাসুলের নফল ইবাদত ও সাহাবিদের প্রশংসনীয় গুণের আলোচনা | ৫১৯ |
| ছয় | : ধ্বংসাত্মক ব্যাধি হতে আলি রা.-এর সাবধানতা | ৫২৫ |
| সাত | : বাজারব্যবস্থা সংস্কারে আলি রা.-এর ভূমিকা | ৫৩৫ |
| আট | : আলি রা.-এর শাসনামলে পুলিশবাহিনী | ৫৪৬ |

## চতুর্থ অধ্যায়

# আলি রা.-এর খিলাফতকালে অর্থ ও বিচারবিভাগ এবং তাঁর কিছু ফিকহি ইজতিহাদ

### প্রথম পরিচ্ছেদ

**অর্থবিভাগ # ৫৫১**

### দ্বিতীয় পরিচ্ছেদ

**বিচারবিভাগ # ৫৫৭**

| | | |
|---|---|---|
| এক | : খুলাফায়ে রাশেদিনের সময়ে আদালতি ও আইনগত পরিকল্পনা এবং সাহাবিগণ-নির্দেশিত উৎসসমূহ | ৫৬০ |
| দুই | : খুলাফায়ে রাশেদিনের যুগে বিচারব্যবস্থার বৈশিষ্ট্য | ৫৬৩ |
| তিন | : আলি রা.-এর প্রসিদ্ধ কাজিবৃন্দ | ৫৬৭ |
| চার | : আলি রা.-এর বিচারনীতি, পূর্ববর্তী খলিফাদের বিচার সম্পর্কে তাঁর দৃষ্টিভঙ্গি, বিচারকের যোগ্যতা, তাঁদের বিশেষ স্থান ও দুর্নীতিমুক্ত বিচারনীতি | ৫৭০ |
| পাঁচ | : কাজির দায়িত্ব | ৫৭৩ |

### তৃতীয় পরিচ্ছেদ

**আলি রা.-এর ফিকহি জ্ঞান # ৫৭৬**

| | | |
|---|---|---|
| এক | : ইবাদত | ৫৭৬ |
| দুই | : দণ্ড ও সাজা | ৬০৫ |
| তিন | : কিসাস ও অঙ্গাহানির শাস্তি | ৬২০ |
| চার | : তাজির | ৬৩০ |

[ প্রথম অধ্যায় ]

# মক্কায় আলি ইবনে আবি তালিব

- নাম, উপাধি, গুণাবলি ও পরিবার
- ইসলামগ্রহণ এবং হিজরতের পূর্বে মক্কায় গুরুত্বপূর্ণ কীর্তি
- আলি রা.-এর কুরআনি জীবন এবং তাঁর ওপর কুরআনের প্রভাব
- রাসুলের সান্নিধ্যে আলি রা.
- মদিনায় হিজরত থেকে আহজাবযুদ্ধ পর্যন্ত আলি রা.-এর গুরুত্বপূর্ণ কীর্তি
- আহজাবযুদ্ধ থেকে রাসুলের ইনতেকাল পর্যন্ত আলি রা.-এর গুরুত্বপূর্ণ কীর্তি

[ প্রথম পরিচ্ছেদ ]

# নাম, উপাধি, গুণাবলি ও পরিবার

## এক. নাম, উপনাম ও উপাধি

### ১. নাম ও বংশ

আলি ইবনে আবি তালিব (আবদে মানাফ[৩]) ইবনে আবদুল মুত্তালিব (তাঁকে শাইবাতুল হামদও বলা হতো)[৪] ইবনে হাশিম ইবনে আবদে মানাফ ইবনে কুসাই ইবনে কিলাব ইবনে মুররাহ ইবনে কাআব ইবনে লুয়াই ইবনে ফিহর ইবনে মালিক ইবনে নিজার ইবনে কিনানা ইবনে খুজাইমা ইবনে মুদরিকা ইবনে ইলিয়াস ইবনে মুজার ইবনে নিজার ইবনে মাআদ ইবনে আদনান।[৫]

তিনি রাসুলের আপন চাচাতো ভাই। রাসুল সা.[৬] -এর দাদা আবদুল মুত্তালিব ইবনে হাশিম পর্যন্ত গিয়ে মিলে যায় উভয়ের বংশ। আবু তালিব ছিলেন রাসুলের পিতা আবদুল্লাহর আপন ভাই। জন্মের সময় তাঁর মা নিজ পিতা আসাদ ইবনে হাশিমের নামে তাঁর নাম রেখেছিলেন 'আসাদ'। এ কারণে খায়বারযুদ্ধের সময় তিনি প্রতিপক্ষের কবিতার প্রত্যুত্তরে বলেছিলেন,

أَنَا الَّذِي سَمَّتْنِي أُمِّي حَيْدَرَهْ * كَلَيْثِ غَابَاتٍ كَرِيهِ الْمَنْظَرَهْ

---

৩ আবু তালিবের আসল নাম ছিল আবদে মানাফ।

৪ *আল-ইসতিয়াব* : ৩/১০৮৯।

৫ *আত-তাবাকাতুল কুবরা* : ৩/১৯; *সিফাতুস সাফওয়া* : ১/৩০৮; *আল-বিদায়া ওয়ান নিহায়া* : ৭/৩৩৩; *আল-ইসাবাহ* : ১/৫০৭; *আল-ইসতিয়াব* : ১/১০৮৯; *আল-মুনতাজাম* : ৫/৬৬; *আল-মুজামুল কাবির*, তাবারানি : ১/৫০।

৬ বইয়ে যত জায়গায় 'সা.' লেখা থাকবে, সেখানে পূর্ণ দরুদ 'সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম' পড়া জরুরি। -অনুবাদক।

আমি ওই লোক, হায়দার[৭] নাম দিয়েছে যার মা। আমার দৃষ্টি বনের সিংহের মতো ভয়ংকর।[৮]

আলি রাজিআল্লাহু আনহুর মা যখন তাঁর এই নামটি রাখেন, তখন আবু তালিব ঘরে উপস্থিত ছিলেন না। তিনি ফিরে এসে এ নামটি পছন্দ করেননি; তিনি নাম রাখলেন 'আলি'।[৯]

## ২. উপনাম

তাঁর উপনাম আবুল হাসান। রাসুলের মেয়ে ফাতিমা রা.-এর গর্ভজাত তাঁর বড় ছেলে হাসান রা.-এর দিকে সম্বন্ধ করেই এ নামে ডাকা হয়। তাঁর একটি উপনাম ছিল 'আবু তুরাব'। রাসুল সা. তাঁকে এই উপনামটি দিয়েছিলেন। আলি রা.[১০]-কে এ নামে ডাকলে তিনি খুব খুশি হতেন। এই উপনামের নেপথ্যে রয়েছে একটি ঘটনা।

একবার রাসুল সা. ফাতিমা রা.-এর ঘরে পদার্পণ করলেন; কিন্তু আলি রা.-কে ঘরে পেলেন না। ফাতিমা রা.-কে জিজ্ঞাসা করলেন,

فَقَالَ " أَيْنَ ابْنُ عَمِّكِ " . فَقَالَتْ كَانَ بَيْنِي وَبَيْنَهُ شَىْءٌ فَغَاضَبَنِي فَخَرَجَ فَلَمْ يَقِلْ عِنْدِي فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم لإِنْسَانٍ " انْظُرْ أَيْنَ هُوَ " . فَجَاءَ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ هُوَ فِي الْمَسْجِدِ رَاقِدٌ . فَجَاءَهُ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَهُوَ مُضْطَجِعٌ قَدْ سَقَطَ رِدَاؤُهُ عَنْ شِقِّهِ فَأَصَابَهُ تُرَابٌ فَجَعَلَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَمْسَحُهُ عَنْهُ وَيَقُولُ " قُمْ أَبَا التُّرَابِ قُمْ أَبَا التُّرَابِ " .

'তোমার চাচাতো ভাই কোথায়?' ফাতিমা রা. বললেন, 'তাঁর আর আমার মাঝে একটা বিষয় (বাগ্‌বিতণ্ডা) ঘটেছিল, যার ফলে তিনি রাগ করে চলে গেছেন; আর তিনি আমার কাছে ঘুমোননি।' তখন রাসুলুল্লাহ এক ব্যক্তিকে বললেন, 'দেখো তো, আলি কোথায়।' লোকটি এসে বলল, 'ইয়া রাসুলাল্লাহ, তিনি মসজিদে শুয়ে

---

৭ 'হায়দার' হচ্ছে সিংহের একটি নাম।

৮ *আর রিয়াজুন নাজারাহ ফি মানাকিবিল আশারাহ* : ৬১৭।

৯ *গারিবুল হাদিস, খাত্তাবি* : ২/৭০; খিলাফাতু *আলি ইবনে আবি তালিব, আবদুল হামিদ বিন আলি নাসির* : ১৮।

১০ বইয়ে যত জায়গায় 'রা.' লেখা থাকবে, সেখানে পূর্ণাঙ্গ 'রাজিআল্লাহু আনহু' পড়া উত্তম। -*অনুবাদক*।